## মনে রাখবেন, Medicare প্ল্যান প্রতি বছর পরিবর্তন হতে পারে

### Medicare-এর গুরুত্বপূর্ণ তারিখসমূহ

#### সেপ্টেম্বর ও অক্টোবর- পর্যালোচনা ও তুলনা

**পর্যালোচনা:** আপনার প্ল্যান পরিবর্তন হতে পারে। পরবর্তী বছরের পরিবর্তনগুলো সম্পর্কে আপনার প্ল্যানের নোটিশগুলো পর্যালোচনা করুন।

**তুলনা:** আপনার চাহিদা পূরণ করতে পারে এমন প্ল্যানগুলো খুঁজে পেতে ও তুলনা করতে Medicare.gov/plan-compare দেখুন।

#### 15 অক্টোবর—মুক্ত নিবন্ধন শুরু হবে

বছরের এই সময়টিতেই Medicare সকলে পরবর্তী বছরের জন্য তাদের স্বাস্থ্য ও ওষুধের প্ল্যানে পরিবর্তন করতে পারেন।

**সিদ্ধান্ত নিন:** অক্টোবর 15 হলো প্রথম দিন যেদিন আপনি পরবর্তী বছরের জন্য আপনার Medicare-এর কভারেজ পরিবর্তন করতে পারবেন।

#### 7 ডিসেম্বর—মুক্ত নিবন্ধন শেষ হবে

বেশিরভাগ ক্ষেত্রে, 7 ডিসেম্বর হলো শেষ দিন যেদিন আপনি পরবর্তী বছরের জন্য আপনার Medicare কভারেজ পরিবর্তন করতে পারবেন। ডিসেম্বরের 7 তারিখের ভিতরে আপনার নিবন্ধন ফরম প্ল্যানে অন্তর্ভুক্ত হতে হবে।

#### 1 জানুয়ারি - কভারেজ শুরু হবে

আপনি যদি কোনো নতুন প্ল্যানে যান তাহলে আপনার নতুন কভারেজ জানুয়ারির 1 তারিখ থেকে শুরু হবে। আপনি যদি একই প্ল্যানে থাকেন, তাহলে নতুন বছরের জন্য কভারেজ, বেনিফিট বা খরচ সংক্রান্ত যেকোনো পরিবর্তন জানুয়ারির 1 তারিখ থেকে শুরু হবে।

#### জানুয়ারির 1 তারিখের পর কভারেজের পরিবর্তন

1 জানুয়ারি - 31 মার্চের মধ্যে আপনি যদি কোনো Medicare অ্যাডভান্টেজ প্ল্যানে থাকেন, তাহলে আপনি আপনার প্ল্যান বাতিল করতে পারেন এবং ওষুধের কভারেজ সহ বা ছাড়াই অন্য কোনো Medicare অ্যাডভান্টেজ প্ল্যানে বা অরিজিনাল Medicare-এর চলে যেতে পারেন। আপনি যদি অরিজিনাল Medicare-এ চলে যান, তাহলে আপনার কাছে Medicare-এর ওষুধের প্ল্যানে যোগ দেওয়ার সুযোগও থাকবে। আপনার নিবন্ধন ফরম প্ল্যানে অন্তর্ভুক্ত হওয়ার পর মাসের প্রথম দিনে কভারেজ শুরু হবে। কিছু ক্ষেত্রে, আপনি বিশেষ কোনো নিবন্ধন সময়কালের যোগ্য হলে অন্যান্য পরিবর্তন আনতে পারবেন।

Medicare.gov

1-800-MEDICARE

(1-800-633-4227)

TTY: 1-877-486-2048

বড় প্রিন্ট, ব্রেইল বা অডিও এর মতো অ্যাক্সেসযোগ্য ফরম্যাটে Medicare তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি বৈষম্যের শিকার হয়েছেন বলে মনে করলে অভিযোগ করার অধিকারও আপনার আছে। আরো তথ্যের জন্য Medicare.gov/about-us/accessibility-nondiscrimination-notice, দেখুন অথবা 1-800-MEDICARE (1-800-633-4227) নম্বরে ফোন করুন। TTY ব্যবহারকারীরা 1-877-486-2048 নম্বরে কল করতে পারেন।

এই পণ্যটি মার্কিন যুক্তরাষ্ট্রের করদাতাদের খরচে তৈরি হয়েছিল।

CENTERS FOR MEDICARE & MEDICAID SERVICES

CMS (Centers for Medicare & Medicaid Services) পণ্য নং 11220
সংশোধিত আগস্ট 2022



আপনি কি আপনার বার্ষিক

Medicare প্ল্যান

# পর্যালোচনা করেছেন?

Medicare মুক্ত নিবন্ধন

15 অক্টোবর–7 ডিসেম্বর

## আরো বেশি পছন্দ, কম খরচ ও আরো ভালো উপায়ে আপনার প্রয়োজনীয় তথ্য পৌঁছে দিতে Medicare এখন আগের চেয়ে আরো শক্তিশালী।

প্রতি বছরই নতুন স্বাস্থ্য প্ল্যান ও ওষুধের কভারেজ আসে। প্রতি শর্তে আপনার বর্তমান স্বাস্থ্য ও ওষুধের কভারেজ পর্যালোচনা করুন এবং নিশ্চিত করুন যে আপনার প্ল্যানটি এখনও আপনার জন্য সঠিক আছে।

ক্যান্সার স্ক্রিনিং ও বার্ষিক "সুস্থতা" সাক্ষাতের মতো প্রতিরোধমূলক সুবিধাগুলো নিতে ভুলবেন না। আপনার মোবাইল ডিভাইসে Medicare কভারেজের বিস্তারিত জানতে অ্যাপ স্টোর বা গুগল প্লে থেকে বিনামূল্যে "What's Covered" মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন।

Medicare

## আমার প্ল্যানটি কি আমার জন্য সঠিক?

**Medicare.gov/plan-compare দেখলে কভারেজের বিকল্পগুলো তুলনা করতে ও প্ল্যানের জন্য কেনাকাটা করতে আগের চেয়ে অনেক সহজ হয়। আপনি আপনার এলাকায় ঐ প্ল্যানগুলোও পেতে পারেন যা:**

- ✓ খরচে কম।
- ✓ আপনার প্রেস্ক্রিপশনের ওষুধ কভার করে।
- ✓ আপনার চাহিদামতো প্রোভাইডারের কাছে, যেমন ডাক্তার বা ফার্মেসি, যাওয়ার সুযোগ দেয়।
- ✓ কিছু বাড়তি বেনিফিট দেয় যা মূল Medicare সকলে পরবর্তী বছরের জন্য কভার করে না, যেমন দৃষ্টি, শ্রবণশক্তি, দাঁতের চিকিৎসা এবং আরো অনেক কিছু।

### আপনি আরো পেতে পারেন:

- ✓ আপনার নিজস্ব খরচের একটি হিসাব।
- ✓ গুণমান ও গ্রাহক সেবা সম্পর্কে প্ল্যানের বর্তমান সদস্যদের রেটিং।

আপনি যদি প্ল্যান পরিবর্তন করতে চান, তাহলে যে প্ল্যানে যোগ দিতে চান সেখানে ফোন করুন। Medicare সকলে পরবর্তী বছরের জন্য আপনাকে — অনলাইনে, ব্যক্তিগতভাবে বা ফোনে যোগ দিতেও সাহায্য করতে পারে। **আপনি যদি আপনার বর্তমান কভারেজ নিয়ে সন্তুষ্ট থাকেন এবং মনে করেন এটি আগামী বছরেও আপনার চাহিদা পূরণ করবে, তাহলে আপনার কিছু করার দরকার নেই।**

**মনে রাখবেন,** Medicare মুক্ত উন্মুক্ত নিবন্ধন কালে আপনি অরিজিনাল Medicare-এ থাকতে পারেন অথবা Medicare অ্যাডভান্টেজ প্ল্যানেও যেতে পারেন। আপনি ইতোমধ্যেই Medicare অ্যাডভান্টেজ প্ল্যানে থেকে থাকলে উন্মুক্ত নিবন্ধনের মাধ্যমে অরিজিনাল Medicare-এ ফিরে যেতে পারেন।

## সহযোগিতা পাওয়ার 4টি উপায়:

1. **কভারেজের বিকল্পগুলো সম্পর্কে জানতে ও তুলনা করতে এবং স্বাস্থ্য ও ওষুধের প্ল্যানের জন্য কেনাকাটা করতেMedicare.gov/plan-compare**দেখুন।
2. **Medicare.gov/plan-compare**আপনার এলাকার প্ল্যানগুলোর তালিকা দেখতে **আপনার সাম্প্রতিক "Medicare অ্যান্ড ইউ (Medicare & You)" হ্যান্ডবুকটি** দেখুন। "পরিবর্তনের বার্ষিক নোটিশ (Annual Notice of Change)" এর চিঠি সহ আপনার বর্তমান প্ল্যান থেকে প্রাপ্ত তথ্যগুলো পর্যালোচনা করুন।
3. **1-800-MEDICARE (1-800-633-4227) নম্বরে কল করুন। TTY ব্যবহারকারীরা 1-877-486-2048 নম্বরে কল করতে পারেন।** ইংরেজি বা স্প্যানিশ ছাড়া অন্য কোনো ভাষায় আপনার সহযোগিতার প্রয়োজন হলে, গ্রাহক সেবা প্রতিনিধিকে সেই ভাষাটির কথা জানান।
4. **বিনামূল্যে, পৃথক স্বাস্থ্য বিমা সম্পর্কিত পরামর্শ পেতে আপনার State Health Insurance Assistance Program (SHIP)-এ কল করুন।** আপনার স্টেটের ফোন নম্বর পেতে shiphelp.org দেখুন অথবা 1-800-MEDICARE নম্বরে কল করুন।

## আমি আমার Medicare খরচ পরিশোধ করতে কিভাবে সহযোগিতা পেতে পারি?

Medicare প্রিমিয়াম ও অন্যান্য খরচ পরিশোধে সহযোগিতার প্রয়োজন হলে Medicare.gov-এ গিয়ে Medicare সেভিংস প্রোগ্রাম ও অন্যান্য প্রোগ্রাম সম্পর্কে জানুন যা আপনাকে সঞ্চয়ে সহায়তা করবে।

আপনার আয় ও সম্পদ যদি সীমিত হয়, তাহলে আপনি Medicare প্রেসক্রিপশনের ওষুধের খরচ পরিশোধে অতিরিক্ত সহায়তার জন্য যোগ্য হতে পারেন। অনলাইনে আবেদন করতে ssa.gov/i1020 দেখুন। আপনি 1-800-772-1213 নম্বরে সোশ্যাল সিকিউরিটিতেও ফোন করতে পারেন। TTY ব্যবহারকারীরা 1-800-325-0778 নম্বরে কল করতে পারেন।

CENTERS FOR MEDICARE & MEDICAID SERVICES